

# 💵 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪১৯

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفَتَن)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - যুদ্ধবিগ্রহ সম্পর্কীয়

الفصل الاول (بَابِ الْمَلَاحِمِ)

### আরবী

وَعَنْ نَافِعِ بْنِ عُتْبَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «تَغْزُونَ جَزِيرَةَ الْعَرَبِ فَيَفْتَحُهَا اللَّهُ ثُمَّ تَغْزُونَ الدَّجَّال فَيَفْتَحُهَا اللَّهُ ثُمَّ تَغْزُونَ الدَّجَّال فيفتحه الله» . رَوَاهُ مُسلم

رواه مسلم (38 / 2900)، (7284) ۔ (صَحِیح)

#### বাংলা

৫৪১৯-[১০] নাফি' ইবনু 'উতবাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: তোমরা 'আরব উপদ্বীপে যুদ্ধ অভিযান চালাবে এবং আল্লাহ তা'আলা তোমাদেরকে তাতে বিজয়ী করবেন। অতঃপর পারস্যের বিরুদ্ধে যুদ্ধ করবে, তাতেও আল্লাহ তা'আলা তোমাদেরকে জয়যুক্ত করবেন। তারপর রূমকদের (রোমানদের) বিরুদ্ধে যুদ্ধ করবে, এটাতেও আল্লাহ তা'আলা তোমাদেরকে জয়যুক্ত করবেন। অবশেষে তোমরা দাজ্জালের বিরুদ্ধে লডাই করবে, তাতেও আল্লাহ তা'আলা তোমাদেরকে বিজয়ী করবেন। (মুসলিম)

## ফুটনোট

সহীহ: মুসলিম ৩৮-(২৯০০), মুসনাদে আহমাদ ১৫৪১, সহীহুল জামি' ২৯৬৯, সহীহ ইবনু হিব্বান ৬৬৭২, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ১৮০১, আল মু'জামুল আওসাত্ব ৩৬৯১।

#### ব্যাখ্যা



ব্যাখ্যা : এখানে সাহাবীগণকে সম্বোধন করা হলেও এর দ্বারা সমগ্র জাতি উদ্দেশ্য নেয়া হয়েছে। অতঃপর আল্লাহ তা'আলা মুসলিমদের বিজয় দান করবেন এবং মুসলিম মিল্লাতের সাহায্যার্থে বণী ইসরাঈলদের ওপর আল্লাহর পক্ষ হতে ধ্বংস পতিত হবে। (মিরক্লাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ নাফি ইবনু উতবাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন